



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার দপ্তর

Web: www.kmu.ac.bd
Email: kmu.khulna@gmail.com

নম্বর- খুমেবি/রেজি./নথি-৩৮/২০২১-২৬/১৬৬৭.(ক)

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২ ব.
০৮ মার্চ, ২০২৬ খ্রি.

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক জারিকৃত ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২; তারিখ: ০৮ মার্চ ২০২৬ নং স্মারকের পত্র এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক জারিকৃত ৩৭.০১.০০০০.০০০.১৫১.৯৯.০০০১.১৯.১৩২; তারিখ: ০৮ মার্চ ২০২৬ নং স্মারকের পত্র অনুযায়ী খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে এবং পবিত্র রমজান ও ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ছুটির পরিবর্তে সরকারী নির্দেশনা অনুসারে আগামী ০৯ থেকে ২৫ মার্চ, ২০২৬ তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর বন্ধ থাকবে। তবে নিরাপত্তা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার কার্যক্রম এ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

২। উল্লেখ্য, দপ্তরের অত্যাৱশ্যকীয় অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যাবলী সম্পাদনের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ প্রয়োজনে ছুটির দিনে দপ্তরে আগমন করতে পারবেন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

(এস এম আবু নাসের ফারুক)

রেজিস্ট্রার

ফোন: ০২৪৭৭৭২৭৭৯০

E-mail: registrar@kmu.ac.bd

নম্বর- খুমেবি/রেজি./নথি-৩৮/২০২১-২৬/১৬৬৭.(ক). (৩০)

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২ ব.
০৮ মার্চ, ২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ট্রেজারার, অত্র বিশ্ববিদ্যালয়
- ২) ডিনবন্দ, অত্র বিশ্ববিদ্যালয়
- ৩) অধ্যক্ষবন্দ, অধিভুক্ত মেডিকেল কলেজসমূহ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
- ৪) সকল দপ্তর প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়
- ৫) অধ্যক্ষবন্দ, অধিভুক্ত নার্সিং কলেজসমূহ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
- ৬) পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), অত্র বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সহকারী প্রোগ্রামার, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৮) ডেসপ্যাচ রাইডার, রেজিস্ট্রার দপ্তর, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য)
- ৯) দপ্তর নথি
- ১০) সংরক্ষণ নথি

মোঃ অনিক ইসলাম

সেকশন অফিসার, রেজিস্ট্রার দপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২


তারিখ: ০৮ মার্চ ২০২৬
২৩ ফাল্গুন ১৪৩২

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৬.২৫-১২৩; তারিখ: ০৫ মার্চ ২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বর্তমান সময়ে বৈশ্বিক সংকট মোকাবেলায় জাতীয় পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করা প্রয়োজন। এজন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে কর্মকর্তা-কর্মচারীদের বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ী ও দায়িত্বশীল আচরণ নিশ্চিত করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা বাস্তবায়ন এবং পবিত্র রমজান উপলক্ষ্যে আগামী ০৯ মার্চ ২০২৬ তারিখ থেকে পবিত্র ঈদুল ফিতরের জন্য বিশ্ববিদ্যালয়সমূহের একাডেমিক ক্যালেন্ডারে উল্লেখিত তারিখ পর্যন্ত সকল পাবলিক বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ থাকবে মর্মে সকল বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে। একইসাথে বিশ্ববিদ্যালয়সমূহে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) দিনের বেলায় পর্যাপ্ত প্রাকৃতিক আলো থাকলে বৈদ্যুতিক বাতি ব্যবহার পরিহার করতে হবে এবং জানালা ও দরজা কিংবা ব্লাইন্ড খোলা রেখে প্রাকৃতিক আলো ব্যবহার করতে হবে।
- (খ) বিদ্যমান ব্যবহৃত আলোর অর্ধেক ব্যবহার করতে হবে। প্রয়োজনের অতিরিক্ত লাইটের ব্যবহার পরিহার করতে হবে।
- (গ) অফিস চলাকালীন প্রয়োজনের অতিরিক্ত লাইট, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে।
- (ঘ) এয়ার কন্ডিশনার ব্যবহারের ক্ষেত্রে তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা তার উপরে রাখতে হবে।
- (ঙ) অফিস কক্ষ ত্যাগ করার সময় কক্ষের বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনারসহ সকল বৈদ্যুতিক সরঞ্জাম বন্ধ করতে হবে।
- (চ) অফিসের করিডোর, সিঁড়ি, ওয়াশরুম ইত্যাদি স্থানে অপ্রয়োজনীয় বাতি ব্যবহার বন্ধ করতে হবে।
- (ছ) বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
- (জ) অফিস সময় শেষ হওয়ার পর সকল বৈদ্যুতিক যন্ত্রপাতি (লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, এয়ার কন্ডিশনার ইত্যাদি) বন্ধ নিশ্চিত করতে হবে।
- (ঝ) যাবতীয় আলোকসজ্জা পরিহার করতে হবে।
- (ঞ) গাড়ির ব্যবহার সীমিত করতে হবে।
- (ট) জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হতে হবে।


০৮.০৩.২০২৬

মোঃ সুলতান আহমেদ

সহকারী সচিব

ফোন: ৫৫১০০৩৩৭

nongovt.university1@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.১৫১.৯৯.০০০১.১৯.১৩২

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: ৩৭.০০.০০০০.০৭৮.৯৯.০০১.২০২২-৬২, তারিখ: ০৮ মার্চ, ২০২৬

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রটি (62 = বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা) আপনার পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২) বিষয়টি জরুরী।

সংযুক্তি:

(১) 62 = বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত নির্দেশনা

J. Rahman

০৮-০৩-২০২৬

মোহাম্মদ জামিনুর রহমান

পরিচালক (পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট
বিভাগ), ফোন: ০২-৫৮১৬০২২১

রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.১৫১.৯৯.০০০১.১৯.১৩২/১ (৪)

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পিএস (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ২। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ৩। ব্যক্তিগত কর্মকর্তা (পিও), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
- ৪। কম্পিউটার অপারেটর, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।



মুহিবুল্লাহ

০৮-০৩-২০২৬

মো: মুহিবুল্লাহ

সহকারী পরিচালক